গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
পরিকল্পনা-১ শাখা,
www.moha.gov.bd

**২৬ ফেব্রুয়ারি ২০২৬ তারিখ অনুষ্ঠিত এডিপি পর্যালোচনা সভার কার্যবিবরণী।**

| | |
|---|---|
| সভাপতি | মনজুর মোর্শেদ চৌধুরী<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | ২৬ ফেব্রুয়ারি ২০২৬ খ্রি: |
| সভার সময় | সকাল ১২.৩০ টা |
| স্থান | সম্মেলন কক্ষ (কক্ষ নং ২০৮), স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

**২.০ সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভার আলোচ্যসূচী অনুযায়ী উপস্থাপনের জন্য অনুরোধ করা হলে অতিরিক্ত সচিব (উন্নয়ন) স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখার আওতায় বাস্তবায়নাধীন চলমান প্রকল্পসমূহের সার্বিক অগ্রগতি উপস্থাপন করেন।**

২.১ সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) বলেন যে, ২০২৫-২০২৬ অর্থবছরে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখার আওতায় বিভিন্ন অধিদপ্তর (পুলিশ, বিজিবি, কোস্ট গার্ড, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ফায়ার, পাসপোর্ট, মাদক ও কারা) কর্তৃক বাস্তবায়নাধীন ২৫টি প্রকল্প চলমান রয়েছে। চলতি ২০২৫-২০২৬ অর্থছরের আরএডিপিতে ২৫৩৩.৯৭ (জিওবি ২৫১৪.১৪ কোটি + পিএ ১৯.৮৩ কোটি) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। অতঃপর তিনি বরাদ্দকৃত অর্থের ব্যয় সংক্রান্ত তথ্যাদি উপস্থাপন করেন।

২.২ যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) স্বরাষ্ট্র মন্ত্রণালয় বলেন যে, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখার আওতায় বিভিন্ন অধিদপ্তর (পুলিশ, বিজিবি, কোস্ট গার্ড, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী, ফায়ার, পাসপোর্ট, মাদক ও কারা) কর্তৃক বাস্তবায়নাধীন ২৫টি প্রকল্পের অনুকূলে চলতি ২০২৫-২০২৬ অর্থছরের এডিপিতে ২৪৯৩.৩১ (জিওবি ২৪৫২.০৭ কোটি + পিএ ১.২৪ কোটি + থোক ৪০.০০ কোটি) কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়। উক্ত বরাদ্দকৃত অর্থ হতে জুলাই ২০২৫-জানুয়ারি ২০২৬ পর্যন্ত ৮৫.২৪ (পুলিশ-২১.১৭৫৪ কোটি, বিজিবি- ২.৪৪৩৭ কোটি, কোস্ট গার্ড-৭.৭৮৭৫ কোটি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী-৫.৭২ ফায়ার-০.০২ পাসপোর্ট-১৪.১৭ মাদক-০.০০ ও কারা-৩৩.৯২) কোটি টাকা ব্যয় হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে জুলাই ২০২৫-জানুয়ারি ২০২৬ পর্যন্ত স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখার অধিশাখার আর্থিক অগ্রগতি ৩.৪১%। আইএমইডির তথ্য অনুযায়ী ২০২৫-২০২৬ অর্থবছরে (জুলাই ২০২৫-জানুয়ারি ২০২৬) জাতীয় অগ্রগতি ২১.১৮%।

৩.০ স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের পরিকল্পনা অধিশাখার আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে চলমান ২৫টি প্রকল্পের অগ্রগতি তথ্যাদি প্রকল্প ভিত্তিক পাওয়ার পয়েন্টের মাধ্যমে সভায় উপস্থাপন করা হয়। সভায় নিম্নলিখিত আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

৪.০ প্রকল্পভিত্তিক আলোচনা ও গৃহীত সিদ্ধান্ত:

| ক্র: | প্রকল্পের নাম | বিস্তারিত আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১ | ঢাকা মেট্রোপলিটন পুলিশের সক্ষমতা বৃদ্ধিকরণে বিভিন্ন ধরণের সরঞ্জাম ক্রয় | আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, আলোচ্য প্রকল্পটি ১১৪.৯৭ কোটি টাকা (জিওবি-৭৬২৭.৫০, প্রকল্প সাহায্য-৩৮.৬৯৫০) প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ০.০৩১৬ (জিওবি ০.০৩১৬, পিএ ০.০) কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ০.০২৭%, বাস্তব-৫%। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে ৫৩.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ০.০৫ কোটি টাকা প্রদান করা হয়েছে। অত্র প্রকল্পের আওতায় জাপান সরকারের পক্ষ হতে অনুদান হিসেবে ১১ ধরনের মোট ৪৭০টি সরঞ্জাম/যন্ত্রপাতি প্রদান করা হবে। উক্ত যন্ত্রপাতি/সরঞ্জামাদি ক্রয়ের লক্ষ্যে জাপান সরকারের অনুমোদিত এজেন্সী JICS (Japan International Cooperation Systm) কর্তৃক ৩টি ধাপে দরপত্র প্রক্রিয়াকরণ করা হবে মর্মে সংশোধিত Gantt Chart দাখিল করা হয়েছে। Gantt Chart অনুযায়ী আগামী নভেম্বর ও ডিসেম্বর ২০২৬ এ যন্ত্রপাতি/সরঞ্জামাদি বাংলাদেশ পৌছাবে মর্মে জানানো হয়েছে। উক্ত সরঞ্জামের সিডি/ভ্যাট বাংলাদেশ সরকারকে পরিশোধ করা হবে। উল্লেখিত সরঞ্জাম/যন্ত্রপাতি ক্রয়ের জন্য জাপানে দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>সভাপতি প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করার নির্দেশনা প্রদান করেন। | ক) প্রকল্পের কার্যক্রম যথাযথভাবে নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়ন করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক। |
| ৪.২ | দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ পুলিশের থানার প্রশাসনিক কাম ব্যারাক ভবন নির্মাণ | আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, “দেশের বিভিন্ন স্থানে বাংলাদেশ পুলিশের থানার প্রশাসনিক কাম ব্যারাক ভবন নির্মাণ” শীর্ষক প্রকল্পটি ১৬২৪.০৪৫১ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৪ হতে জুন ২০২৭ মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ০২/০৭/২০২৪ খ্রি. তারিখে একনেক সভায় অনুমোদিত হয়। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ০.০২৮৩ কোটি টাকা, অগ্রগতি-আর্থিক-১%, বাস্তব-৫%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ২০০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে এবং ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ১৯০.০০ কোটি টাকা বরাদ্দের জন্য প্রস্তাব করা হয়েছে।<br><br>তিনি আরো জানান যে, প্রকল্পের আওতায় ১০৭টি থানা ভবন নির্মাণ করা হবে। | ক) প্রকল্পের কার্যক্রম যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে Gantt Chart তৈরি এবং Microsoft Project Management (MPM) এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ করতে হবে।<br><br>খ) প্রকল্প বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে।<br><br>গ) অনুমোদিত ডিপিপির সংস্থান অনুযায়ী প্রাক্কলন চূড়ান্ত করে দ্রুত দরপত্র আহবান করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ সংশ্লিষ্ট প্রকল্প পরিচালক/ পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| | | ১০৭টির মধ্যে ৯০টির স্থানিক নকশা প্রণয়ন সম্পন্ন হয়েছে, ১৭টি থানার স্থানিক নকশা প্রণয়ন প্রক্রিয়াধীন, ৮৪টির স্থানিক নকশার চূড়ান্ত অনুমোদন প্রদান করা হয়েছে, ০৬টির স্থানিক নকশা সংশোধনের কার্যক্রম প্রক্রিয়াধীন। ৪৩টির প্রাক্কলন পাওয়া গেছে এবং অনুমোদন প্রদান করা হয়েছে, ৩৫টির টিইসি অনুমোদন সম্পন্ন হয়েছে, ১৭টির নির্মাণ কাজ শুরু হয়েছে এবং ৪৬টির দরপত্র প্রক্রিয়াধীন রয়েছে।<br><br>যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয় সভায় বলেন যে, আলোচ্য প্রকল্পের ১৪টি থানার জমি সংগ্রহ/অধিগ্রহণের জন্য ভূমি অধিগ্রহণ কোড-৪১৪১১০১ এ ৭৬.২০ কোটি টাকা এবং ০৮টি থানার ভূমি উন্নয়নের জন্য ভূমি উন্নয়ন কোড-৪১১১২০১ এ ৫.০০ কোটি টাকা সংস্থান ও ব্যয়ের বিষয়ে অনুমোদনের জন্য পুলিশ অধিদপ্তর হতে প্রস্তাব পাওয়া গেছে, যার কার্যক্রম এ মন্ত্রণালয়ের চলমান রয়েছে।<br><br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১), স্বরাষ্ট্র মন্ত্রণালয় সভায় জানান যে, প্রকল্পের আওতায় মুগদা ও বাড্ডা (ডিএমপি) বাকলিয়া ও কর্ণফুলী (সিএনপি), এয়ারপোর্ট (আরএমপি), কাসিমপুর (গাজীপুর) ৭ টি থানার জমির পরিমান কম ও জমির আকৃতিগত জটিলতা থাকায় কাস্টমাইজড ডিজাইনের মাধ্যমে থানার দরপত্র প্রক্রিয়াকরণের জন্য পিআইসি ও এডিপি পর্যালোচনা সভার সুপারিশ অনুযায়ী পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার লক্ষ্যে প্রকল্পের Gantt Chart তৈরি এবং Microsoft Project Management (MPM) এর মাধ্যমে প্রকল্প বাস্তবায়ন করার উদ্যোগ গ্রহণ ও প্রকল্প বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | ঘ) প্রকল্পের অনুকূলে বরাদ্দকৃত অর্থের যথাযথ ব্যবহার নিশ্চিত করতে হবে। | | |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৩ | Prevention and Response to Gender Based Violence Against Women and Girls (PREVAIL) | প্রকল্প পরিচালক সভায় বলেন, বিবেচ্য প্রকল্পটি ৭.৩১৭৯ কোটি টাকা বা ৭২০৪৯০ ইউএস ডলার {(০১ ডলার = ১০১.৫৯ টাকা হিসাবে) UNFPA Bangladesh এর অনুদান অর্থায়নে ডিসেম্বর ২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়িত হচ্ছে। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ০.৫৬ (UNFPA) কোটি টাকা, আর্থিক অগ্রগতি ৭.৬৬ %, বাস্তব-১০%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১.২৪ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ১.২৪ কোটি টাকা প্রদান করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে।<br>সভাপতি, প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ে মধ্যে সমাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) প্রকল্পটি নির্ধারিত সময়ে মধ্যে সমাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক। |
| ৪.৪ | Safer Cyberspace for Digital Bangladesh: Enhancing National & Regional Digital Investigation Capability of Bangladesh Police | প্রকল্প পরিচালক জানান যে, আলোচ্য প্রকল্পটি ৫৯.০৮৬৮ কোটি টাকা [জিওবি ৭.৪১৪৮ কোটি এবং পিএ, (কোইকা) ৫১.৬৭২০ কোটি] প্রাক্কলিত ব্যয়ে ফেব্রুয়ারি-২০২৩ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির জুন ২০২৫ ক্রমপুঞ্জিত ব্যয় ৩৬.৮৭ (জিওবি ৪.৮৭, পিএ ৩২.০০) কোটি টাকা, আর্থিক অগ্রগতি ৬৩%, বাস্তব-৭০%। প্রকল্পটির মেয়াদবৃদ্ধির কার্যক্রম প্রক্রিয়াধীন ছিল বিধায় ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপি'তে প্রকল্পের অনুকূলে ০.০১ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। ইতোমধ্যে প্রকল্পটির মেয়াদ ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়েছে। ২০২৫-২০২৬ অর্থবছরে প্রকল্পটির অনুকূলে আরএডিপিতে ২০.৮১৪২ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, প্রকল্পটির আওতায় কোরিয়া সরকারের অনুদানে চট্টগ্রাম দামপাড়া পুলিশ লাইন্সে ১০ তলা ফাউন্ডেশনসহ ৪ তলা ফরেনসিক ল্যাব স্থাপন করা হবে এবং প্রয়োজনীয় ইক্যুইপমেন্ট সরবরাহ করা হবে। ইতোমধ্যে ভবন নির্মাণের লক্ষ্যে ছাদ ঢালাইয়ের কাজ শেষ করে দরজা, জানালা, টাইলস ইত্যাদি কাজ চলমান রয়েছে। এছাড়াও ডিজিটাল তদন্ত কার্যক্রম এর জন্য ডিজিটাল ও ফরেনসিক ল্যাব স্থানীয় ৩ টির মধ্যে ২ টি সম্পন্ন এবং বৈদেশিক ৮ টির মধ্যে ৮ টি সম্পন্ন হয়েছে।<br>সভাপতি, প্রকল্পের কার্যক্রম নির্ধারিত সময়ে মধ্যে সমাপ্তির লক্ষ্যে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | ক) প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে সম্পাদনের লক্ষ্যে মনিটরিং ব্যবস্থা জোরদার করতে হবে।<br>খ) প্রকল্পটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক/ পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৫ | বাংলাদেশ পুলিশের সন্ত্রাস দমন ও আন্তর্জাতিক অপরাধ প্রতিরোধ কেন্দ্র নির্মাণ | আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ৩৫৪১৬.০৭ লক্ষ টাকা প্রাক্কলিত ব্যয়ে সেপ্টেম্বর ২০১৮ হতে ডিসেম্বর ২০২৫ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। ইতোমধ্যে প্রকল্পটির মেয়াদকালঃ সেপ্টেম্বর ২০১৮ হতে ডিসেম্বর ২০২৬ পর্যন্ত বৃদ্ধির জন্য প্রস্তাব প্রেরণ করা হয়েছে। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ১৭১.৯৪২৫ কোটি টাকা এবং অগ্রগতি-আর্থিক-৪৯%, বাস্তব-৭৫%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১২৫.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ১০৫.০০ কোটি টাকা প্রদান করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, প্রকল্পটির ০৩ টি বেইজমেন্টসহ ১৩ তলা ভবনের ছদ ঢালাই এর কাজ সম্পন্ন হয়েছে, ১ ও ২ নং বেইজমেন্টে পার্কিং টাইলস লাগানো সম্পন্ন হয়েছে, ৩নং বেইজমেন্টে কাজ চলমান। বাউন্ডারী ওয়াল এবং সেফটি ট্যাংকির কাজ চলমান। | ক) প্রকল্পটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক/ পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৪.৬ | র‍্যাব ফোর্সেস সদর দপ্তর নির্মাণ | আলোচ্য প্রকল্পের প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ৪৯৫.৭২৪১ কোটি টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জানুয়ারি ২০১৮ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পটির ক্রমপুঞ্জিত ব্যয় ২০৯.৭৬০৬ কোটি টাকা, অগ্রগতি-আর্থিক-৪২.৩১%, বাস্তব ৪৮%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ৬০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ৬০.০০ কোটি টাকা প্রদান করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে।<br>সভাপতি চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করার বিষয়ে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করার নির্দেশনা প্রদান করেন। | (ক) চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক/ পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৭ | র‍্যাব ফোর্সেস এর আভিযানিক সক্ষমতা বৃদ্ধি | আলোচ্য প্রকল্প পরিচালক সভায় জানান যে, "র‍্যাব ফোর্সেস এর আভিযানিক সক্ষমতা বৃদ্ধি" শীর্ষক প্রকল্পটির ১০৩৩.৯৮৪৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে ডিসেম্বর ২০১৮ হতে ৩০ জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৪৮.০১৭৮ কোটি টাকা, অগ্রগতি-আর্থিক-২৭.৪৬%, বাস্তব-৬৪.৯২%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ১৬০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ১৬০.০০ কোটি টাকা প্রদান করা হয়েছে।<br><br>সিনিয়র সহকারী সচিব (পরিকল্পনা-১) বলেন যে, প্রকল্পের আওতায় ২০২৫-২০২৬ অর্থবছরে জীপ-০৩টি, প্যাট্রল পিকআপ-১০০টি এবং মাইক্রোবাস (এসি)-৬০টি সরাসারি ক্রয় (DPM) পদ্ধতিতে ক্রয়/সংগ্রহের নিমিত্ত অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সুপারিশের জন্য গত ২০ জানুয়ারি ২০২৬ তারিখ মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। প্রেরিত প্রস্তাবের উপর গত ২৭ জানুয়ারি ২০২৬ তারিখ অর্থনৈতিক বিষয় সংক্রান্ত উপদেষ্টা পরিষদ কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে এবং DMP পদ্ধতিতে গাড়ি ক্রয়ের নীতিগত অনুমোদন পাওয়া গিয়েছে। | ক) প্রকল্পটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br><br>(খ) চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় নিশ্চিত করতে হবে। | মহাপরিদর্শক<br><br>বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক/<br><br>পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়। |
| ৪.৮ | র‍্যাব এর কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিকরণ (১ম সংশোধিত)। | আলোচ্য প্রকল্পের অতিরিক্ত প্রকল্প পরিচালক জানান যে, "র‍্যাব এর কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধিকরণ (১ম সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৩৫২.২৩০২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর ২০১৯ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির ২য় সংশোধন প্রস্তাব ৩৪৩.২৪১৩ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর ২০১৯ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নের লক্ষ্যে গত ৩০/৯/২০২৫ তারিখ মাননীয় পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়েছে। মূল কার্যক্রম হলো র‍্যাব এর কারিগরি ও প্রযুক্তিগত সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন ধরনের সরঞ্জাম ক্রয় করা। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২৪০.০৪২৭ কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ৬৮.১৪%, বাস্তব-৭০%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে ৭০.১৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে।<br><br>সভাপতি গুণগতমান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সমাপ্তির জন্য গুরুত্বারোপ করেন। | ক) প্রকল্পটির কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করে নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করতে হবে।<br><br>খ) প্রকল্প বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ চিহ্নিত করে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে। | মহাপরিদর্শক, বাংলাদেশ পুলিশ/ প্রকল্প পরিচালক/<br><br>পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.৯ | সীমান্ত এলাকায় বিজিবি'র ৭৩টি কম্পোজিট/আধুনিক বিওপি নির্মাণ (১ম সংশোধিত) | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, আলোচ্য প্রকল্পটি জানুয়ারি ২০২১ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ২২১.২০৬৯ কোটি টাকা, আর্থিক অগ্রগতি ৯৪%, বাস্তব-৯৩%। প্রকল্পটির অনুকূলে এডিপিতে ২০২৫-২০২৬ অর্থবছরে ২.০৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। প্রকল্পটি কার্যক্রম যথাসময়ে সমাপ্তির লক্ষ্যে আরএডিপিতে ৬.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পের কার্যক্রম সঠিকভাবে চলমান রয়েছে।<br><br>সভাপতি গুণগতমান বজায় রেখে প্রকল্পের কার্যক্রম যথাসময়ে সমাপ্তির জন্য গুরুত্বারোপ করেন। | (ক) গুণগতমান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে।<br><br>(খ) চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ/ প্রকল্প পরিচালক। |
| ৪.১০ | বর্ডার গার্ড বাংলাদেশ এর নবসৃজিত নারায়ণগঞ্জ ব্যাটালিয়ন (৬২ বিজিবি) ব্যাটালিয়নের অবকাঠামোগত বিভিন্ন স্থাপনা নির্মাণ | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ২৩৭২১.০৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২১ হতে জুন ২০২৪ মেয়াদে বাস্তবায়নের জন্য ০১ জুন ২০২১ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। পরবর্তীতে প্রকল্পটির বাস্তবায়ন মেয়াদ ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে জুন ২০২৬ পর্যন্ত বৃদ্ধি করা হয়। জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ক্রমপুঞ্জিত ব্যয় ২০৪.৭৯৯ কোটি টাকা, আর্থিক অগ্রগতি ৮৬%, বাস্তব ৮৭%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে বরাদ্দ ২৮.৯১ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ১৭.১৪৮২ কোটি টাকা প্রদান করা হয়েছে।<br>তিনি আরো জানান, প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে এবং প্রকল্প বাস্তবায়নের কোন ধরনের সমস্যা নাই।<br>সভাপতি গুণগতমান বজায় রেখে প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন। | ক) গুণগতমান বজায় রেখে প্রকল্পের অবশিষ্ট কাজ নির্ধারিত সময়ে সমাপ্ত করতে হবে।<br><br>(খ) চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ/ প্রকল্প পরিচালক। |
| ৪.১১ | বর্ডার গার্ড বাংলাদেশ এর নবসৃজিত গাজীপুর (৬৩ বিজিবি) ব্যাটালিয়নের অবকাঠামোগত বিভিন্ন স্থাপনা নির্মাণ | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, প্রকল্পটি ২২৩০২.৪২ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২৪ হতে জুন ২০২৮ মেয়াদে বাস্তবায়নের জন্য ১৯ সেপ্টেম্বর জুন ২০২৪ তারিখে একনেক কর্তৃক অনুমোদিত হয়। জুন ২০২৫ পর্যন্ত প্রকল্পের ক্রমপুঞ্জিত ব্যয় ৪০.০০ কোটি টাকা, আর্থিক অগ্রগতি ১৭.৭৩%, বাস্তব ২০%। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২০২৬ অর্থবছরে ৫০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ৪০.০০ কোটি টাকা প্রদান করা হয়েছে।<br>তিনি আরো জানান যে, প্রকল্পের কার্যক্রম সঠিক ভাবে চলমান রয়েছে। প্রকল্পটি কার্যক্রম যথাসময়ে সমাপ্তির লক্ষ্যে আরএডিপিতে ৪০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদানের প্রস্তাব করা হয়েছে।<br>সভাপতি গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল ভৌত কাজ সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন । | ক) গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল ভৌত কাজ সমাপ্ত করতে হবে।<br><br>খ) চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে। | মহাপরিচালক, বর্ডার গার্ড বাংলাদেশ/ প্রকল্প পরিচালক। |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১২ | বাংলাদেশ কোস্ট গার্ড এর সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে প্রতিস্থাপক জাহাজ সংগ্রহ (১ম সংশোধিত) | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, মূল প্রকল্পটি ২৩১৪৮২.৮৮ লক্ষ টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে নভেম্বর ২০২৩ হতে জুন ২০২৭ মেয়াদে বাস্তবায়নের জন্য ২৬ ডিসেম্বর ২০২৩ তারিখের একনেক সভায় অনুমোদিত হয়। পরবর্তীতে প্রাক্কলিত ব্যয় এবং বাস্তবায়নকাল অপরিবর্তিত রেখে প্রকল্পের ১ম সংশোধিত ডিপিপি ২৬ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে মাননীয় পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক অনুমোদিত হয়। প্রকল্পটির ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ০.৭৬ কোটি টাকা এবং আর্থিক অগ্রগতি ০.০৮%, বাস্তব-০৯%। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'তে প্রকল্পটির অনুকূলে ৩৩৬.৯৩ কোটি টাকা বরাদ্দ রয়েছে।<br><br>সভাপতি আলোচ্য প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব না হলে তা আরএডিপিতে তা প্রতিফলন করার নির্দেশনা প্রদান করেন। | (ক) প্রকল্পটি যথাসময়ের মধ্যে বাস্তবায়নের লক্ষ্যে কার্যক্রম ত্বরান্বিত করতে হবে।<br><br>(খ) প্রকল্পের অনুকূলে চলতি অর্থবছরে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা সম্ভব না হলে আরএডিপিতে তা প্রতিফলন করতে হবে। | বাংলাদেশ কোস্ট গার্ড/ প্রকল্প পরিচালক |
| ৪.১৩ | "বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য লজিস্টিকস্ ও ফ্লিট মেইনটেন্যান্স ফ্যাসিলিটিস গড়ে তোলা (২য় সংশোধিত)" | প্রকল্প পরিচালক সভাকে অবহিত করেন যে, "বাংলাদেশ কোস্ট গার্ডের জন্য লজিস্টিকস্ ও ফ্লিট মেইনটেন্যান্স ফ্যাসিলিটিস্ গড়ে তোলা (২য় সংশোধিত)" শীর্ষক প্রকল্পটি ৭৫৭.৬২১৭ কোটি টাকা (সাতশত সাতান্ন কোটি বাষট্টি লক্ষ সতের হাজার) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০১৮ হতে জুন ২০২৬ পর্যন্ত মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পটির জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৪৩০.০০১৫ কোটি টাকা, আর্থিক অগ্রগতি -৭১.২৬%, বাস্তব-৭৫%। ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে প্রকল্পটির অনুকূলে ৮৫.২৮ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ৩২০.১১৯ কোটি টাকা প্রদান করা হয়েছে।<br>সভাপতি গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের সকল কাজ সমাপ্ত করার নির্দেশনা প্রদান করেন । | ক) প্রকল্পের আওতায় সকল কাজের গুণগতমান নিশ্চিত করে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্তি করতে হবে। | বাংলাদেশ কোস্ট গার্ড/ প্রকল্প পরিচালক/ পরিকল্পনা-১ অধিশাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা। |
| ৪.১৪ | "আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনীর অস্ত্রাগার নির্মাণ (১ম পর্যায়ে ৪০টি) (২য় সংশোধিত)" | প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পটি ৯১.৫৮৯২ (একানব্বই কোটি আটান্ন লক্ষ বিরানব্বই হাজার) কোটি টাকা (সম্পূর্ণ জিওবি) প্রাক্কলিত ব্যয়ে জুলাই ২০২২ হতে জুন ২০২৬ মেয়াদে বাস্তবায়নাধীন রয়েছে। প্রকল্পের ২য় সংশোধন প্রস্তাব মাননীয় পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক গত ০২/০৬/২০২৫ তারিখ অনুমোদিত হয়েছে এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় হতে প্রশাসনিক আদেশ পাওয়া গেছে। প্রকল্পটি জুন ২০২৫ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় ৫৪.২৫, কোটি টাকা, আর্থিক অগ্রগতি ৫৯.২৩%, বাস্তব-৭৩.৫৮%। ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপিতে ১১.৪৪ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছিল। চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে আরএডিপিতে ৩৬.০৫ কোটি টাকা প্রদান করা হয়েছে।<br>সভাপতি নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্পের কার্যক্রম যথাযথ প্রক্রিয়া সম্পন্ন করার জন্য প্রকল্প সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন। | (ক) গুণগতমান বজায় রেখে নির্ধারিত সময়ের মধ্যে প্রকল্প সমাপ্ত করতে হবে। | প্রকল্প পরিচালক/ আনসার ও ভিডিপি অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১৫ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর এর অ্যাম্বুলেন্স সেবা সম্প্রসারণ (ফেইজ-২) প্রকল্প: | উপসচিব (পরিকল্পনা-৪) সভায় জানান, নভেম্বর ২০২৩ হতে জুন ২০২৭ মেয়াদে ১০৪.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ০.০৪৬ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ০.০৪৫%। ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৪৯.৩৭ কোটি টাকা সংশোধিত এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। প্রকল্পটির অনুকূলে ২০২৫-২৬ অর্থবছরে অবমুক্ত করা হয়েছে ১৯.০০ কোটি টাকা, যা বরাদ্দের ৩৮.৪৮%। প্রকল্পটির অনুকূলে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় করা হয়েছে ০.০২ কোটি টাকা। যা বরাদ্দকৃত অর্থের ০.০১%।<br>প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সভায় জানান, ৫০টি ফায়ার এন্ড রেসকিউ অ্যাম্বুলেন্স সংগ্রহের লক্ষ্যে ১ম বার দরপত্র আহবান করেও কোন দরপ্রস্তাব পাওয়া যায়নি। পরবর্তীতে ২য় বার ইজিপিতে গত ১৯ জানুয়ারি ২০২৫ তারিখে দরপত্র আহবান করে ১৮ ফেব্রুয়ারি ২০২৫ তারিখে দরপত্র উন্মুক্ত করা হয়। বর্ণিত দরপত্রে ২টি সরবরাহকারী প্রতিষ্ঠান কর্তৃক দরপ্রস্তাব দাখিল করে। প্রাপ্ত দরপত্রে সর্বনিম্ন দাখিলকৃত একক দর ১,২২,৩৫,৬২০/- টাকা।<br>অনুমোদিত ডিপিপিতে ফায়ার এন্ড রেসকিউ অ্যাম্বুলেন্স এর একক দর ৮৮,৪৪,০০০/- টাকা। প্রাপ্ত সর্বনিম্ন একক দর ডিপিপি'র একক দরের চেয়ে প্রায় ৩৯% বেশী হওয়ায় মন্ত্রণালয় কর্তৃক দরপত্রটি বাতিল করা হয়েছে। মাননীয় পরিকল্পনা উপদেষ্টা কর্তৃক ২৩ ডিসেম্বর ২০২৫ তারিখে প্রকল্পের ১ম সংশোধন প্রস্তাব অনুমোদিত হয়েছে। অনুমোদিত ১ম সংশোধিত ডিপিপি অনুযায়ী চলতি ২০২৫-২৬ অর্থবছরে ই-জিপি টেন্ডারের মাধ্যমে ৫০টি ফায়ার এন্ড রেসকিউ অ্যাম্বুলেন্স ক্রয়ের লক্ষ্যে দৈনিক পত্রিকায় দরপত্র আহবান করা হয়েছে। প্রকল্প পরিচালক আরো বলেন, ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত ৪৯.৩৭ কোটি টাকা সম্পূর্ণ খরচ করা হবে। | ক) টেন্ডার আহ্বান করে দ্রুত অ্যাম্বুলেন্স ক্রয়ের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>খ) ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে; | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৪.১৬ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের কর্মকর্তা ও কর্মচারীদের জন্য ২টি বহুতল আবাসিক ভবন নির্মাণ প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ মেয়াদে ৬৫.১২ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে ১০.০০ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে সভায় জানান যে, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের জন্য এটি একটি গুরুত্বপূর্ণ প্রকল্প। প্রথমবারের মতো ঢাকা শহরে ফায়ার সার্ভিসের কর্মকর্তা-কর্মচারীদের জন্য মিরপুর ও সদরঘাটে ২টি বহুতল ভবন নির্মাণ করা হবে। ইতোমধ্যে মিরপুর ফায়ার স্টেশনে বিদ্যমান জরাজীর্ণ ৩ তলা স্টাফ কোয়ার্টার এবং ব্যারাক ভবন এবং সদরঘাট ফায়ার স্টেশনে বিদ্যমান জরাজীর্ণ ২তলা স্টাফ কোয়ার্টার এবং টিন সেড ভবনসমূহ মন্ত্রণালয়ের নির্দেশনামতে গঠিত কমিটি কর্তৃক কনডেম ঘোষণা করে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে অনুমোদন গ্রহণ করা হয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী সংশ্লিষ্ট গণপূর্ত বিভাগ কর্তৃক ২টি নতুন ভবন নির্মাণের লক্ষ্যে টেন্ডার আহবানের কার্যক্রম শুরু করা হয়েছে। | ক) পুরাতন ও জরাজীর্ণ ভবন দ্রুত অপসারণ করতে হবে;<br>খ) ভবন নির্মাণের ক্ষেত্রে জমির বিষয়ে জটিলতা থাকলে তা দ্রুত নিরসন করতে হবে;<br>গ) টেন্ডার আহ্বান করে দ্রুত প্রকল্পের কাজ শুরু করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.১৭ | দেশের গুরুত্বপূর্ণ ২০টি স্থানে (১২টি নতুন ও ৮টি ফায়ার স্টেশন পুনঃনির্মাণ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন স্থাপন প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ মেয়াদে ৬৫০.৯৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে ২০.৬৫ কোটি টাকা বরাদ্দ প্রদান করা হয়েছে।<br>প্রকল্প পরিচালক সভায় জানান, এ প্রকল্পের আওতায় ৮টি পুরাতন ভবন ভেঙে 'বি' ক্যাটাগরি থেকে 'এ' ক্যাটাগরি হবে। পুরাতন ৮টি ফায়ার স্টেশনের টেন্ডার মার্চ ২০২৬ এর মধ্যে আহ্বান করা হবে। ৮টি স্টেশনের মধ্যে ৫টি'র নকশা স্থাপত্য অধিদপ্তর থেকে পাওয়া গেছে মাদারীপুর, ঈশ্বরদী এবং সিলেটের নকশা পাওয়া যায়নি।<br><br>নতুন ১২টি স্টেশনের মধ্যে অনেক জায়গায় জমি নিয়ে জটিলতা দেখা যাচ্ছে। তার মধ্যে দেবীদ্বার, কুমিল্লা ও গাজীপুরে জমি নিয়ে সমস্যা নেই। তিনি পুরাতন ৮টি ও নতুন ২টি সহ মোট ১০টি ফায়ার স্টেশনের কাজ দ্রুত শুরু করতে পারবেন মর্মে আশা প্রকাশ করেন। সভাপতি দ্রুত পিএসসি সভা আহ্বান করে প্রকল্পের সমস্যা চিহ্নিত ও সমাধানের বিষয়ে নির্দেশনা প্রদান করেন। | (ক) ফায়ার স্টেশনের জমি সমস্যার সমাধান দ্রুত সমাধান করতে হবে;<br>(খ) মার্চ ২০২৬ মাসের মধ্যে টেন্ডার আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(গ) ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে বরাদ্দ অর্থ যথাযথ ব্যয় করতে হবে। | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর |
| ৪.১৮ | ঢাকা কেন্দ্রীয় মাদকাসক্তি নিরাময় কেন্দ্র সম্প্রসারণ ও আধুনিকীকরণ প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০২২ হতে জুন ২০২৫ মেয়াদে ১৬২.৩৪14 কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৭০.৫৭ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪৩.৪৭% এবং ভৌত অগ্রগতি ৫৮%। ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৩৮.০০ কোটি টাকা সংশোধিত এডিপি বরাদ্দ প্রদান করা হয়েছে। ২০২৫-২৬ অর্থবছরে অবমুক্ত করা হয়েছে ০.০০ কোটি টাকা, যা বরাদ্দের ০.০০%। প্রকল্পটির অনুকূলে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ০.০০ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ০.০০%।<br>মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, প্রকল্পটির সংশোধিত ডিপিপি ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির জন্য গত ২০ জানুয়ারি ২০২৬ তারিখে পরিকল্পনা কমিশনের ভৌত অবকাঠামো বিভাগ এবং বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগে প্রেরণ করা হয়েছে। বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগের প্রতিনিধি প্রকল্পটি পরিদর্শন করেন। মেয়াদ বৃদ্ধি হওয়ার পর প্রকল্পের কাজ দ্রুত শুরু করা হবে। | (ক) বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ এবং ভৌত অবকাঠামো বিভাগ, পরিকল্পনা কমিশনে ব্যয় বৃদ্ধি ব্যতিরেকে মেয়াদ বৃদ্ধির বিষয়ে যোগাযোগ অব্যাহত রাখতে হবে;<br>(খ) ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে; | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| **৪.১৯** | ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট মাদকাসক্তি নিরাময় কেন্দ্র নির্মাণ প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০২৫ হতে জুন ২০২৮ মেয়াদে ১৪১৩.১৫৪৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে ৩২.০০ কোটি টাকা বরাদ্দের জন্য AMS সফটওয়্যারে এন্ট্রি প্রদান করা হয়েছে।<br>প্রকল্প পরিচালক প্রকল্পের অগ্রগতি সম্পর্কে বলেন, ১০ ডিসেম্বর ২০২৫ তারিখে স্বরাষ্ট্র মন্ত্রণালয় থেকে উক্ত প্রকল্পের প্রশাসনিক অনুমোদন জারি করা হয়েছে। রাজশাহী, খুলনা ও ময়মনসিংহ বিভাগের জমি পরিদর্শন করা হয়েছে। রংপুর বিভাগের জমি নিয়ে সমস্যা আছে। জেলা প্রশাসকের সাথে আলোচনা করে সমস্যার সমাধান করা হবে। প্রকল্পের নকশা গণপূর্ত অধিদপ্তরে সংশোধন করা হচ্ছে। নকশা সংশোধন হলে প্রকল্পের অগ্রগতি বৃদ্ধি পাবে। | (ক) ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের অনুকূলে সংশোধিত এডিপিতে বরাদ্দ অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে;<br>(খ) প্রকল্পের কাজ শুরু করার জন্য দ্রুত টেন্ডার আহ্বানের ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(গ) নকশা সংশোধনপূর্বক দ্রুত প্রকল্পের কাজ শুরু করতে হবে; | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর |
| | | | | |

| | | | | |
|---|---|---|---|---|
| **৪.২০** | বাংলাদেশ ই-পাসপোর্ট ও স্বয়ংক্রিয় বর্ডার নিয়ন্ত্রণ ব্যবস্থাপনা প্রবর্তন প্রকল্প (১ম সংশোধিত) | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০১৮ হতে জুন ২০২৮ মেয়াদে ৯০৩৮.৩৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৫৩৪১.০৭ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৫৯.০৯%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ৭৯৫.৫৩ কোটি টাকা এবং অবমুক্তকৃত অর্থ ৪৬৮.১২ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৫৮.৮৪%। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ১৪.১৭ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ১.৭৮%।<br>ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপি'তে বরাদ্দকৃত ৭৯৫.০৩ কোটি টাকার মধ্যে ৯৮% টাকা ফরেন কারেন্সি। ইতোমধ্যে ৩১৪.০০ কোটি টাকা সিডি ভ্যাট এর জন্য সংগ্রহ করা হয়েছে। অবশিষ্ট ৩৪৬.০০ কোটি টাকা জুন ২০২৬ এর প্রথম সপ্তাহে ব্যয় করা হবে। ভারত ও রাশিয়ায় e-passport Roll Out এর ক্ষেত্রে কিছু সমস্যা হচ্ছে। সংশোধিত এডিপি'তে বরাদ্দকৃত অর্থ ব্যয় করা হবে। | (ক) চলতি ২০২৫-২০২৬ অর্থবছরে এডিপি'র বরাদ্দ যথাযথভাবে ব্যয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(খ) ভারত ও রাশিয়ায় e-passport Roll Out এর সমস্যা দ্রুত সমাধান করতে হবে;<br>(গ) সিডিউল অনুযায়ী প্রকল্পের কাজ যথাযথভাবে সমাপ্ত করতে হবে। | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২১ | ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ (১ম সংশোধিত) প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০১৫ হতে জুন ২০২৭ মেয়াদে ২৪০.১৫ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৪৮.৩৫ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬১.৭৭% এবং ভৌত অগ্রগতি ৭৫%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ১৮.৯০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থের পরিমাণ ১০.০০ কোটি টাকা, যা বরাদ্দের ৫২.৯১%। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৫.২৩ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ২৭.৬৭%। প্রকল্প পরিচালক সভায় জানান, চলতি ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দ ১৮.৯০ কোটি টাকা পুরোটাই খরচ করা সম্ভব হবে। কারাবন্দিদের জন্য ৫টি আবাসিক ভবনের কাজ সম্পূর্ণ হয়েছে। ৫টি ভবনের মধ্যে ২টি বুঝে নেওয়া হয়েছে। আগামী মার্চ ২০২৬ মাসে বাকি ৩টি বুঝে নেওয়া হবে।<br>এছাড়া নারী শ্রেণী প্রাপ্ত বন্দি ব্যারাক, নারী বন্দী হাসপাতাল, সাজাপ্রাপ্ত নারী বন্দি ব্যারাক, ওয়ার্কসেড, বাথরুম, ডে টাইম ল্যাট্রিন ও কিশোর বন্দি ব্যারাকের কাজ চলমান রয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্পে কাজের কোনো সমস্যা আছে কি না জানতে চাইলে প্রতুত্তরে প্রকল্প পরিচালক কাজের অগ্রগতি সন্তোষজনক এবং কোনো সমস্যা নেই মর্মে সভায় অবহিত করেন। | _<br>ক) ভবনসমূহের নির্মাণ কাজ দ্রুততম সময়ের মধ্যে সমাপ্ত করে বন্দি স্থানান্তরের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>খ) ২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করতে হবে; | কারা অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২২ | পুরাতন ঢাকা কেন্দ্রীয় কারাগারের ইতিহাস, ঐতিহাসিক ভবন সংরক্ষণ ও পারিপার্শ্বিক উন্নয়ন প্রকল্প (১ম সংশোধিত) | উপসচিব (পরিকল্পনা-৪) জানান, জুলাই ২০১৮ হতে ডিসেম্বর ২০২৬ মেয়াদে ৬৪৮.১৬ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২৭৭.৪০ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৪২.৮০% এবং ভৌত অগ্রগতি ৫২%। চলতি অর্থবছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ১২৮.৮৫ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থের পরিমাণ ৪৮.৫০ কোটি টাকা, যা বরাদ্দের ৩৭.৬৪%। প্রকল্পটির অনুকূলে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৬.৪৩ কোটি টাকা যা বরাদ্দকৃত অর্থের ৪.৯৯%।<br>প্রকল্প পরিচালক (বাস্তবায়নকারী সংস্থা) জানান, প্রকল্পের কাজ ৩টি জোনে চলমান আছে। সংশোধিত এডিপিতে বরাদ্দ বেশি চাওয়া হয়েছে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) বলেন, Technical Committee এর সভা দ্রুত আয়োজন করা হলে অনেক বিষয়ের সমাধান করা সম্ভব হতো। সভাপতি দ্রুত Technical Committee এর সভা আয়োজন করার পরামর্শ প্রদান করেন।<br>প্রকল্প পরিচালক আরো জানান, জোন 'বি' মসজিদের প্রি-কাস্ট-পাইল ড্রাইভ, পাইল ক্যাপ কাস্টিং, রিটেইনিং ওয়াল এবং ফ্লোর কাস্টিংসহ ১$^{st}$ Floor এর ছাদের ঢালাই কাজ সম্পন্ন হয়েছে। সাব স্টেশন বিল্ডিং এর গ্রেড বীম ঢালাই, কলামের রড বাইন্ডিং, শিয়ার ওয়াল ও কলামের ঢালাই, ছাদের সাটারিং-সেন্টারিংসহ ছাদ ঢালাই এবং গ্রাউন্ড ফ্লোর এর ওয়ালের আরসিসি ঢালাইয়ের কাজ সম্পন্ন হয়েছে। বর্তমানে ১০০% কাজ শেষ হয়েছে। | (ক) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দ যথাযথভাবে ব্যয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(খ) দ্রুত Technical Committee এর সভা আয়োজন করতে হবে;<br>(গ) প্রকল্পের কাজ নির্ধারিত সময়ের মধ্যে সমাপ্ত করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে; | কারা অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২৩ | কুমিল্লা কেন্দ্রীয় কারাগার পুনঃনির্মাণ প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) সভাকে জানান, জানুয়ারি ২০১৯ হতে জুন ২০২৭ মেয়াদে ৬০৯.৭৯ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ২৩৫.৯১ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৩৮.৬৯% এবং ভৌত অগ্রগতি ৪৫%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ৭১.০০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ৫৩.২৩ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৭৪.৯৭%। প্রকল্পটির অনুকূলে জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ১৩.৬০ কোটি টাকা। যা বরাদ্দকৃত অর্থের ১৯.১৫%।<br>প্রকল্প পরিচালক সভায় জানান যে, প্রকল্পের কাজের অগ্রগতি সন্তোষজনক। গত ২৯ জানুয়ারি ২০২৬ তারিখের এডিপি সভার সিদ্ধান্ত মোতাবেক কাজের অগ্রগতি চলমান আছে। সিটি কর্পোরেশনের সাথে সমন্বয় করে বাউন্ডারি ওয়াল নির্মাণ করার জন্য জেলা সুপার, কুমিল্লা ও নির্বাহী প্রকৌশলী, কুমিল্লাকে প্রকল্প অফিস হতে কারা অধিদপ্তরে গত ০১ ফেব্রুয়ারি ২০২৬ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।<br>কারা অধিদপ্তরের প্রতিনিধি সভায় জানান, কারা অধিদপ্তর হতে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তাগণের প্রকল্প এলাকা পরিদর্শন প্রতিবেদনের আলোকে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য প্রকল্প পরিচালক ও নির্বাহী প্রকৌশলী কুমিল্লাকে নির্দেশনা দেওয়া হয়েছে।<br>প্রকল্প পরিচালক আরো জানান, প্যাকেজ-১ এর ভূমি উন্নয়ন কাজ চলমান। ৩টি ৬তলা পুরুষ বিচারাধীন বন্দি ব্যারাকের সাথে ডাইনিং এর কাজ ৮৫% সমাপ্ত হয়েছে। মানসিক প্রতিবন্ধী কয়েদিদের জন্য ওয়ার্ডের কাজ ৬০%, পুরুষ বন্দিদের জন্য ওয়ার্ক শেড, স্টোর, সেলুন, লন্ড্রি এর কাজ ৬০% সমাপ্ত হয়েছে। এছাড়া প্রকল্পের অন্যান্য কাজ চলমান আছে। | (ক) ২০২৫-২০২৬ অর্থবছরের এডিপিতে বরাদ্দ যথাযথভাবে ব্যয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(খ) জোন-২ এর সকল ভৌত কাজ এপ্রিল ২০২৬ এর মধ্যে শেষ করে বন্দি স্থানান্তর করতে হবে;<br>(গ) দেয়াল নির্মাণ নিয়ে কুমিল্লা সিটি কর্পোরেশনের সাথে জমি সংক্রান্ত সমস্যা দ্রুত নিরসনের ব্যবস্থা গ্রহণ করতে হবে। | কারা অধিদপ্তর |

| | | | | |
|---|---|---|---|---|
| ৪.২৪ | নরসিংদী জেলা কারাগার নির্মাণ প্রকল্প (১ম সংশোধিত) | উপসচিব (পরিকল্পনা-৪) সভাকে জানান, সেপ্টেম্বর ২০১৯ হতে জুন ২০২৬ মেয়াদে ২৯৭.৩৪ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ১৮৭.৭৫ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ৬৩.১৪% এবং ভৌত অগ্রগতি ৮৫%। চলতি অর্থবছরে এ প্রকল্পের এডিপি বরাদ্দ ৫৩.৭০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ২৫.০০ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৪৬.৫৫%। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ২.৮০ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৫.২১%। প্রকল্প পরিচালক সভায় জানান যে, নভেম্বর ২০২৫ হতে প্রকল্পের কাজ ঠিকাদারজনিত সমস্যার কারণে বন্ধ আছে। গণপূর্ত অধিদপ্তর হতে ঠিকাদারকে অপসারণ করার নির্দেশনা দেওয়া হয়েছে। নির্মাণাধীন বিল্ডিংগুলোর নির্মাণ কাজ শেষ পর্যায়ে রয়েছে। মাটি ভরাটের কাজ বাকি আছে। প্রকল্প সমাপ্ত করতে প্রকল্পের মেয়াদ ১ বছর বাড়াতে হবে। অতিরিক্ত সচিব (উন্নয়ন) প্রকল্প পরিচালককে প্রকল্পের মেয়াদ বাড়ানোর জন্য মার্চ ২০২৬ মাসের মধ্যে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণের আহ্বান জানান। | (ক) ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(খ) ঠিকাদারকে অপসারণ করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে;<br>(গ) দ্রুত পিএসসি সভা আয়োজন করে প্রকল্পের সমস্যা চিহ্নিত করতে হবে; | কারা অধিদপ্তর |
| ৪.২৫ | জামালপুর জেলা কারাগার পুনঃনির্মাণ প্রকল্প | উপসচিব (পরিকল্পনা-৪) সভাকে জানান, জুলাই ২০২০ হতে জুন ২০২৭ মেয়াদে ২১৩.২০ কোটি টাকা প্রাক্কলিত ব্যয়ে প্রকল্পটি বাস্তবায়িত হচ্ছে। এ প্রকল্পের জানুয়ারি ২০২৬ পর্যন্ত ক্রমপুঞ্জিত ব্যয় হয়েছে ৩০.৫৩ কোটি টাকা। প্রকল্পের ক্রমপুঞ্জিত আর্থিক অগ্রগতি ১৪.৩২% এবং ভৌত অগ্রগতি ২৫%। চলতি অর্থবছরে এ প্রকল্পের সংশোধিত এডিপি বরাদ্দ ১৭.৪০ কোটি টাকা। অবমুক্তকৃত অর্থ ১০.০০ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৫৭.৪৭%। জানুয়ারি ২০২৬ পর্যন্ত ব্যয় হয়েছে ৫.৮৬ কোটি টাকা, যা বরাদ্দকৃত অর্থের ৩৩.৬৮%। প্রকল্প পরিচালক প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি সম্পর্কে সভায় জানান, বর্তমানে প্রকল্পের কাজের অগ্রগতি দ্রুত গতিতে চলমান আছে। ২০২৫-২৬ অর্থবছরে সংশোধিত এডিপিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয় করা সম্ভব হবে। কয়েদি ভবন নির্মাণ কাজ আগামী ০১ মাসের মধ্যে সমাপ্ত হবে। কনডেম সেলের কাজ আগামী এপ্রিল ২০২৬ এর মধ্যে সমাপ্ত হবে।<br>প্রকল্প পরিচালক আরো জানান, প্রশাসনিক ভবন, দর্শনার্থী অপেক্ষা কক্ষ, সাক্ষাৎকার কক্ষ (পুরুষ ও মহিলা), খাদ্য গুদাম, ফুয়েল স্টোর, সাবস্টেশন বিল্ডিং, পাম্প হাউজ, গার্ড রুম, ক্যান্টিন, স্যালুটিং ডায়াস, পর্যবেক্ষণ টাওয়ার, গ্যারেজ, বাউন্ডারী ওয়ালের কাজ চলমান রয়েছে। | (ক) ২০২৫-২৬ অর্থবছরে প্রকল্পের সংশোধিত বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে বরাদ্দকৃত অর্থ যথাযথভাবে ব্যয়ের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ করতে হবে;<br>(খ) প্রকল্প পরিচালক নির্মাণ কাজ ত্বরান্বিত করার জন্য সরেজমিন পরিদর্শনসহ নিবিড়ভাবে পর্যবেক্ষণের কার্যক্রম গ্রহণ করবেন; | কারা অধিদপ্তর |

## ৫.০ ২০২৫-২০২৬ অর্থ বছরের এডিপি’র সবুজ পাতায় অননুমোদিত নতুন প্রকল্পের প্রকল্পভিত্তিক আলোচনা ও সিদ্ধান্ত:

৫.১ যুগ্মসচিব (পরিকল্পনা অধিশাখা) স্বরাষ্ট্র মন্ত্রণালয় সভায় জানান যে, ২০২৫-২০২৬ অর্থ বছরের আরএডিপিতে অননুমোদিত নতুন

প্রকল্পের সবুজ পাতার তালিকায় ৪১টি প্রকল্প (স্বরাষ্ট্র মন্ত্রণালয়-২টি, বাংলাদেশ পুলিশ-১০টি, বর্ডার গার্ড বাংলাদেশ-০৬টি, বাংলাদেশ কোস্টগার্ড-০৫টি, আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী-০৫টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর-৪টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর-৩টি, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর-১টি এবং কারা অধিদপ্তর-৫টি) অন্তর্ভুক্ত রয়েছে। সভাপতি ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপির অননুমোদিত নতুন প্রকল্পের সবুজ পাতার তালিকায় অন্তর্ভুক্ত এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ন করে দ্রুত প্রেরণ করার জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশনা প্রদান করেন।

**৫.২ সিদ্ধান্ত:**

ক) ২০২৫-২০২৬ অর্থবছরের আরএডিপির অননুমোদিত নতুন প্রকল্পের তালিকায় অন্তর্ভুক্ত এ বিভাগের আওতায় বাস্তবায়নাধীন প্রকল্পসমূহের ডিপিপি প্রণয়ন করে দ্রুত প্রেরণ করতে হবে;

খ) ডিপিপি পাওয়ার পর বিধি বিধানের আলোকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।

**৬.০ বিবিধ সিদ্ধান্ত:**

**ক) বর্তমান সরকারের নির্বাচনী ইশতিহার-২০২৬ লক্ষ্যমাত্রা এবং পুলিশ সংস্কার কমিশনের সুপারিশসমূহ-কে বিবেচনায় নিয়ে নতুন প্রকল্প গ্রহণ করতে হবে। চলমান প্রকল্পে এই বিষয়সমূহ প্রতিফলন করার চেষ্টা করতে হবে।**

খ) অধিদপ্তর/সংস্থা কর্তৃক মন্ত্রণালয়ে কোন বিষয়ে প্রস্তাব প্রেরণের ক্ষেত্রে অধিদপ্তর/সংস্থা প্রধানের মাধ্যমে অথবা সংশ্লিষ্ট অধিদপ্তরের পরিকল্পনা উইং/শাখার মাধ্যমে প্রেরণ করতে হবে;

গ) ২০২৪-২০২৫ অর্থবছরে সমাপ্তকৃত প্রকল্পসমূহের পিসিআর দ্রুততম সময়ের মধ্যে প্রেরণ করতে হবে;

ঘ) চলমান প্রকল্পের অগ্রগতি নিশ্চিত করতে নিয়মিতভাবে প্রকল্প এলাকা পরিদর্শন করতে হবে।

**৭.০ সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।**

১৯-০৩-২০২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব
ফোন : +৮৮০২২২৩৩৫৩৭১০
ফ্যাক্স : +৮৮-০২-৯৩৪৭২৯০
ইমেইল : secretary@moha.gov.bd

তারিখ: ৫ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ / ১৯ মার্চ ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৪৪.০০.০০০০.০০০.০৬২.০৬.০০০২.২৫.২৪

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সদস্য, ভৌত অবকাঠামো বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
২। সচিব, সচিব মহোদয়ের দপ্তর, পরিকল্পনা বিভাগ (দৃঃআঃ-যুগ্মপ্রধান, একনেক-এনইসি, অনুবিভাগ))।
৩। সদস্য, কার্যক্রম বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৪। সচিব, সচিবের দপ্তর, অর্থ বিভাগ।
৫। সচিব, সচিবের দপ্তর, অর্থনৈতিক সম্পর্ক বিভাগ।
৬। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
৭। সচিব, সচিবের দপ্তর, বাস্তবায়ন পরিবীক্ষণ ও মূল্যায়ন বিভাগ।
৮। সদস্য, সাধারণ অর্থনীতি বিভাগ (সদস্য)-এর দপ্তর, পরিকল্পনা কমিশন।
৯। সচিব, সচিবের দপ্তর, গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়।
১০। ইন্সপেক্টর জেনারেল , পুলিশ মহাপরিদর্শকের কার্যালয়, পুলিশ হেডকোয়ার্টার্স।
১১। মহাপরিচালক (বিজিবি), মহাপরিচালকের সচিবালয়, বর্ডার গার্ড বাংলাদেশ।
১২। মহাপরিচালক, মহাপরিচালকের সচিবালয়, বাংলাদেশ কোস্ট গার্ড।

১৩। মহাপরিচালক, মহাপরিচালক এর দপ্তর, বাংলাদেশ আনসার ও গ্রাম প্রতিরক্ষা বাহিনী।
১৪। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
১৫। মহাপরিচালক, র‍্যাব ফোর্সেস সদর দপ্তর, কুর্মিটোলা, ঢাকা।
১৬। অতিরিক্ত সচিব (সকল): (পুলিশ ও এনটিএমসি/প্রশাসন ও অর্থ/আনসার ও সীমান্ত/রাজনৈতিক ও আইসিটি/মেডিকেল/উন্নয়ন))।
১৭। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, কাজী আলাউদ্দীন রোড, ফুলবাড়িয়া, ঢাকা।
১৮। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশি বাজার, ঢাকা।
১৯। প্রধান প্রকৌশলী, গণপূর্ত অধিদপ্তর, সেগুন বাগিচা, ঢাকা।
২০। প্রধান স্থপতি, স্থাপত্য অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা এবং
২১। সিস্টেম এনালিস্ট-২, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়।

২৫-০৩-২০২৬
জোসেফা ইয়াসমিন
সিনিয়র সহকারি সচিব